দামুড়হুদায় ভৈরব নদী ও কৃষি জমির মাটি উত্তোলন করে বিক্রি:নিরব প্রশাসন

দামুড়হুদায় প্রকাশ্যে কৃষি জমি-ভৈরব নদীর মাটি উত্তোলন করে বিক্রি করছে চিহ্নিত ভূমিদস্যুরা। অবৈধভাবে ভৈরব নদী ও কৃষি জমির মাটি উত্তোলন করেও তারা রয়েছে ধরাছোঁয়ার বাইরে। ভূমিদস্যুরা অবৈধ পন্থায় মাটি উত্তোলন করলেও প্রশাসন রয়েছে নিরব।

অভিযোগের প্রেক্ষিতে জানা যায়, দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়নের পাঠাচোরা গ্রামের ভৈরব নদীর তীরবর্ত্তী স্থান থেকে অদৃশ্য কারণে প্রতিদিন ভেকু মেশিনের সাহায্যে ১৫ টি অবৈধ ট্রাক্টর যোগে মাটি কেটে উপজেলার বিভিন্ন অবৈধ ইটের ভাঁটায় বিক্রি করছেন ভূমিদস্যু সিন্ডিকেটের সক্রিয় সদস্যরা। তবে পাঠাচোরা থেকে কে বা কাহারা ভৈরবের মাটি চুরি করে বিক্রি করছেন এমন তথ্য স্থানীয়রা সঠিক ভাবে না জানালেও তারা জানান উপজেলার সদর ইউনিয়নের বদনপুর ও নাপিতখালী গ্রামের দুইজন এ কাজের সঙ্গে সংশ্লিষ্ট রয়েছেন।

ঘটনাস্থলে দেখা যায় চুরি করা ভৈরব নদীর পাড় থেকে মাটি ট্রাক্টরে নেওয়ার জন্য সারিবদ্ধ ভাবে দাঁড়িয়ে থাকতে দেখা যায় বেশকিছু ট্রাক্টর। আর এ সকল ট্রাক্টরগুলোতে মাটি ভর্তি করে দিতে সাহায্য করছেন ভেকু মেশিন নামক দানব যন্ত্রটি। যন্ত্রটি একে একে ট্রাকগুলোতে মাটি ভরাট করে দিচ্ছে, মাটি ভরা শেষ হলেই ঘটনাস্থল থেকে অবৈধ ট্রাক্টরগুলো ছুটছে গন্তব্য স্থানে। আর এভাবেই উল্লেখিত স্থান থেকে প্রতিনিয়তই সকাল ৬ টা থেকে চলছে মাটি চুরি করে বিক্রি’র উৎসব।

সচেতন মহল বলছেন, ভৈরব নদী খনন কাজের মাটি দিয়ে নদীর পাড় না বেধে তা উপজেলার বিভিন্ন এলাকায় ভূমিদস্যুরা চুরি করে নিজের ব্যাক্তিগত সম্পত্তির মতো করে অবাধে বিক্রি করে আসছেন। মাটি গুলো রাতের আঁধার কিংবা দিনের আলোতে প্রকাশ্যে বিক্রি করছেন ইটের ভাঁটাতে। আপাতদৃষ্টিতে মনে হচ্ছে সংশ্লিষ্টারা দেখেও না দেখার ভান করছন, এটি খুবই দুঃখজনক। তাঁরা আরও জানান, এতে করে নদী পাড়ের কৃষি জমি ভাঙ্গন সহ আশপাশের রাস্তা ও বাড়ি ঝুঁকিতে থাকবেন। ফলে দ্রুত ভৈরব নদীর মাটি চুরি বন্ধে প্রশাসন কঠোর হস্তক্ষেপ

প্রয়োজন।

এ বিষয়ে স্থানীয় ইউপি সদস্য মো: আব্দুল আলিমের সঙ্গে কথা হলে তিনি জানান, এ বিষয়ে আমি তেমন কিছু জানিনা। আর বিশেষ করে ভূমিদস্যুদের সাথে আমি কোন সম্পর্ক রাখিনা।

চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী আরিফ আহমেদ বলেন, ভৈরব নদ খননের উদ্বৃত্ত মাটি উত্তোলন বা বিক্রি করতে কাউকে অনুমোদন/ইজারা দেয়া হয়নি। যদি কেউ তা বলে থাকে তবে মিথ্যা বলেছে। আর যারা মাটি উত্তোলন করছে তারা অবৈধ পন্থা অবলম্বন করছে। তিনি আরো বলেন, যদি ভৈরব নদ খননের উদ্বৃত্ত মাটির কারণে জণগণের চলাচলের রাস্তায় বিঘ্ন ঘটে তাহলে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) স্টিমেট করে ইজারা দিতে পারেন। তবে এখন পর্যন্ত দামুড়হুদা উপজেলায় কাউকে ইজারা দেয়া হয়নি।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রোকসানা মিতা বলেন, বিষয়টি পানি উন্নয়ন বোর্ডের। পানি উন্নয়ন বোর্ড কোনো প্রকার ইজারা দিয়েছেন কিনা আমার জানা নেই।

জীবননগরে মুক্তিযোদ্ধাদের সাথে টগরের মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা জীবননগরে দেশের সূর্যসন্তান বীর মুক্তিযোদ্ধাদের সাথে আজ রোববার সকালে মতবিনিময় করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের নৌকার মনোনীত প্রার্থী হাজী আলী আজগার টগর এমপি।

আসন্ন জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে জীবননগর উপজেলা মুক্তিযোদ্ধাদের আয়োজনে সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার সাইদুর ইসলাম মাষ্টারের সভাপতিত্বে সাবেক মুক্তিযোদ্ধা সংসদ ভবনে মতবিনিময় সভা করেন। সভায় প্রধান অতিথী হিসেবেত উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২ আসনের আওয়ামীলীগের মনোনিত প্রার্থী হাজী আলী আজগার টগর এমপি। বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দিলু,সাবেক পৌর মেয়র জাহাঙ্গীর আলম।

এছাড়াও অনুষ্ঠানে উপজেলার শতাধিক মুক্তিযোদ্ধার উপস্থিত ছিলেন।

প্রধান অতিথীর বক্তব্যে এমপি টগর বলেন,জাতীর এই শেষ্ঠ সন্তানরা যদি ৭১ সালের যুদ্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের নেতৃত্বে দেশের জন্য অস্ত্র হাতে যুদ্ধে অংশগ্রহন না করতেন তাহলে আমরা এই স্বাধীন রাষ্ট্র কখনোই পেতাম না। কিন্তু দেশ স্বাধীনের পর অনেক দলই সরকার গঠন করে রাষ্ট্রিয় ক্ষমতায় ছিলেন। অনেক সময় পেরিয়ে গেলেও দেশের এই সূর্য সন্তানদের দিকে বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা ছাড়া আর কেউই কিন্তু ফিরেও তাকায়নি। মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস,সন্মানিত ভাতাসহ অনেক অনেক সন্মানে সন্মানিত করেছেন। তাই জননেত্রীকে আবারও ক্ষমতার রাখতে বিএনপি জামাতের সকল অপশক্তিকে রুক্ষতে সকল মুক্তিযোদ্ধাদের একত্রিত হয়ে আর একবার যুদ্ধে নামার অনুরোধ করেন।

চুয়াডাঙ্গা সদর উপজেলায় সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুনের পথসভা

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগের মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্থানে পথসভা করেছেন।

গতকাল শনিবার বিকাল থেকে চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের হায়দার পুর, ডিঙ্গেদহ, নিমতলা, কুষডাঙ্গা,বুষতলা, পিরোজখালী, সুবদিয়া, খেজুরা, বেলেকান্দি, নফরকান্দি, পাঁচমাইল বাজার, ধুরুরহাট সহ সদর উপজেলার বিভিন্ন স্থানে পথসভা করেন তিনি।

এ সময় তিনি বলেন, শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রেখে যাওয়া সোনার বাংলাদেশ বাস্তবায়নে কাজ করে যাচ্ছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের গ্রাম থেকে শহর সকল পর্যায়ে

উন্নয়ন হচ্ছে। এই উন্নয়নের ধারা যদি অব্যাহত রাখতে হয় তাহলে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা ও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন, পদ্মবিলা ইউনিয়নের সভাপতি খাঁজা শাহাবুদ্দিন, সাধারণ সম্পাদক আমজেদ, পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল, হায়দার পুরের সাবেক মেম্বার শহিদুল ইসলাম বিশ্বাস, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সভাপতি বনফুল, ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সুমন, সাবেক মেম্বার ফয়জুল হক, আওয়ামী নেতা মিরাজুল ইসলাম, আব্বাস আলী, বায়েজিদ জোয়ার্দার, ইদ্রিস আলী, যুবলীগ নেতা রুবেল, ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক আমান, ফাহাদ, ইসরাফিল, নয়ন, তাফসির, রাশিদুল, মজিবুল, নাইম, আসিফ, রাব্বি, সাধন, শিশির, শাকিল, সোহাগ, আকাশ সহ ইউনিয়ন আওয়ামী লীগ যুবলীগ ছাত্রলীগ কৃষক লীগের নেতাকর্মী।

চুয়াডাঙ্গার গড়াইটুপিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণের অভিযনে মহিলাসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গার গড়াইটুপিতে বিভিন্ন এলাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ মাদক বিরোধী অভিযান চালিয়ে মহিলাসহ ৪জনকে গ্রেফতার করেছে।

গতকাল শনিবার সকাল সাড়ে ৯ টার দিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালায় গড়াইটুপি মেলার মাঠ পাড়ায়।

এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণের উপ পরিদর্শক আকবার হোসেনের নেতৃত্বে গড়াইটুপি আঃ রশিদের বাড়ি অভিযান চালায়।

এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বসত ঘর থেকে ১ কেজি গাঁজাসহ জোসনা খাতুন (৩৫) আটক করে। এ ঘটনায় দর্শনা থানায় মাদক আইনে নিয়মিত মামলা দায়ের করেন। পরে সকাল ১১ টার দিকে একই পাড়ায় অভিযান চালিয়ে ৬০ গ্রাম ও ৪০ গ্রাম গাঁজাসহ আলা ভৃইয়া (৫০) ও হারুন

মন্ডল (৫৫)কে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত ২ জন গড়াইটুপি মেলা মাঠ পাড়ার আলী হোসেন ও আয়ুব মন্ডলের ছেলে। পরে তার বিজ্ঞ এক্সকিিউটিভ ম্যাজিস্ট্রেট সহাকরী ভৃমি মোঃসাজ্জাদ হোসেন ৩ দিনের বিনাশ্রম কারাদন্ড ও ১শ টাকা জরিমানা করে জেল হাজতে প্রেরন করেন। অপরদিকে শনিবার বেলা ৩ টার দিকে তিতুদহ ইউনিয়নের গবরগাড়া গ্রামে অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ শহিদুল ইসলামকে (৪৫) আটক করে। আটককৃত শহিদুল গবরগাড়া গ্রামের আবু সিদ্দিকের ছেলে। এ ঘটনায় দর্শনা থানায় মাদক আইনে মামলা হয়েছে।

জীবননগরে নৌকার পক্ষে নিবাচনী গনসংযোগ

জীবননগরে নৌকার পক্ষে নিবাচনী গনসংযোগ ও লিফলেট বিতারণ করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপির ছেলে মুনতাসির আজগার আকাশ।

গতকাল শনিবার সন্ধার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নে এ গনসংযোগ ও লিফলেট বিতারণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন,মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসূল সাধারণ সম্পাদক আহসান হাবিব বকুল, মনোহরপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ৬নং ইউপি সদস্য আদিলুল করিম, মনোহরপুর ইউপি সদস্য জাহাঙ্গীর আলম, ইউপি সদস্য চ্যামেলী, সাবেক উথলী ইউপি সদস্য খলিলুর রহমান, ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি কামরুজ্জামান কুড়োন, সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান, ৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী হোসেন, ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আবু সাইদ ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আতিয়ার রহমান সাধারণ সম্পাদক শাহাজান আলী, মহিলা ইউপি সদস্য জাহিমা খাতুন,সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগের সহসম্পাদক ফয়জুর রহমান খাঁন নয়ন, ইউনিয়ন যুবলীগের মনোহরপুর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি আনিসুর রহমান শিমুল সাধারণ সম্পাদক শামিউল হক শামিম, কলেজ

ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আকিবুল হাসান আকিব, রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতা, ঢাকা কলেজ ছাত্রলীগের বিভাসসহ এছাড়াও উপস্থিত ছিলেন সাজিবুল, হাসিব, হাসান, ইমন, শিলনসহ আওয়ামী লীগ যুবলীগ ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগর থানা যুবদলের সভাপতি ময়েনসহ আটক-২

জীবননগর থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে জীবননগর থানা যুবদলের সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান ময়েন উদ্দিনসহ দুই বিএনপি নেতাকে আটক করেছে পুলিশ।

গত শুক্রবার রাতে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) এস,এম জাবীদ হাসানের নির্দেশে জীবননগর থানার এসআই(নি:) সিরাজুল আলম সঙ্গীয় অফিসার ফোর্সসহ রাত ১ টা ২০ মিনিটের সময় যশোর জেলার বেনাপোল পোর্ট থানা এলাকা থেকে নাশকতা মামলায় এজাহারনামীয় পলাতক আসামী গয়েশপুর গ্রামের মোঃ ইন্তাজ আলীর ছেলে সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জীবননগর থানা যুবদলের সভাপতি মোঃ ময়েন উদ্দিন ময়েনকে (৪৫) আটক করে পুলিশ ।

একই দিনে জীবননগর থানার এসআই(নি:)মোঃ শরিফুল ইসলাম সঙ্গীয় অফিসার ফোর্সসহ জীবননগর থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে জীবননগর উপজেলার পেয়ারাতলা এলাকা থেকে দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির লক্ষ্যে নাশকতামূলক কর্মকান্ডের পরিকল্পনা করা অবস্থায় মনোহরপুর ইউনিয়নের পেয়ারাতলা গ্রামের মৃত সিদ্দিক আলীর ছেলে মনোহরপুর ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক মোঃ আলী হোসেনকে (৬২) আটক করে পুলিশ।

এ সময় ০৩ টি অবিস্ফোরিত ককটেল বোমা সাদৃশ্য বস্তু এবং পলাতক আসামীদের ফেলে যাওয়া ০৫ টি বাশের লাঠি, ০২ টি লোহার রড এবং ১০০ সিসি একটি মোটর সাইকেল আটক করা হয়।

দর্শনায় নৌকা প্রতীকের পক্ষে শ্যামপুর ও জয়নগর গ্রামে প্রচারনা সভা

আগামী ৭ জানুয়ারী অনুষ্ঠিত হবে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এ নির্বাচনকে ঘিরে শুরু হয়েছে প্রচার ও প্রচারনা সভা।

গতকাল শনিবার সন্ধা ৬ টায় দর্শনা জয়নগর ও শ্যামপুর গ্রামের আমবাগানে নৌকা প্রতিকের পক্ষে প্রচারনা সভা অনুষ্ঠিত হয়েছে।

ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আজের আলীর সভাপত্বিতে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু।

এ সময় তিনি বলেন, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হলে শেখ হাসিনা সরকারের কোন বিকল্প নেই,আগামী নির্বাচনে বাড়ি বাড়ি ভোটাদের নিয়ে আসতে হবে।এবং এ সরকার যত উন্নয়ন করেছে মানুষের মাজে তুলে ধরতে হবে। তাই আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামীলীগ সরকার গঠনে সহায়তা করুন।

বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর আআওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, আওয়ামীলীগ নেতা, জাহিদুল ইসলাম, বিশিষ্ট সমাজ সেবক জাহিদুল ইসলাম, বিল্লাল হোসেন, ওয়ার্ড সভাপতি আরিফ হোসেন, কমিশনার বিল্লাল হোসেন, মহিলা কমিশনার সুরাতন নেছা।

দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোটর উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিক, ছাত্রলীগনেতা প্রভাত প্রমুখ।

আলমডাঙ্গার মুন্সিগঞ্জে ঈগল প্রতীকের মিছিল ও পথসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা-১ আসনে জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গার মুন্সিগঞ্জে স্বতন্ত্র ঈগল প্রতীক প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার নির্বাচনি মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে উপজেলার মুন্সিগঞ্জ মদনবাবুর মোড় থেকে জেহালার হাসপাতাল মোড় পর্যন্ত নির্বাচনি ঈগল প্রতীকের মিছিল করেন নেতা-কর্মীরা। মিছিলটি বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মদনবাবুর মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় নেতা-কর্মীরা বলেন, দিলীপকুমার আগরওয়ালা এ আসনের মানুষের ভাগ্য পরিবর্তনে ভোটের মাঠে যুদ্ধ করছে। আমরা তাকে বিজয় করার জন্য মাঠে লড়ে যাচ্ছি। ইনশাল্লাহ বিজয় নিশ্চিত হবে।

এসময় উপস্থিত ছিলেন দোবেন্দ্র নাথ দোবে বাবু লাল, হিরা লাল, নবুল, জনি মেম্বার, আরিফুর রহমান নয়ন, লিটন চৌধুরী, লাভলু চৌধুরী, বিমান, তিতুমীর, হাসিবুল মেম্বার, সুমন, বাবন, আলমগীর, শামীম, আজিজ, ইলা মেম্বার, তুষার, মামুন, শান্তি, আরিফ, বাবু, সোহেল, মাসুদ, মুক্তার, রহিম, মজনু, রকিবুল, আ:রহিম, জ্বালাল প্রমূখ।

দামুড়হুদায় বিএনপির লিফলেট বিতরণ

দামুড়হুদায় ডামি নির্বাচন বর্জন ও অসহযোগ আন্দোলনের জনমত তৈরি, দলীয় নেতা কর্মীদের নামে মিথ্যা মামলা, সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে লিফলেট বিতরণ করা

হয়েছে।

গতকাল শনিবার বিকালে দামুড়হুদা শহরের বিভিন্ন এলাকায় দামুড়হুদা থানা বিএনপির উদ্যোগে এ লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট বিতরণের সময় উপস্থিত ছিলেন থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন, থানা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, যুগ্ন আহ্বায়ক সোহেল রানা, যুবদল নেতা আনিচুর রহমান, আমিনুল ইসলামসহ থানা বিএনপি, যুবদল ছাত্রদল ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় দ্রুতগতির ইজিবাইকের ধাক্কায় প্রান গেল শিশুর

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজলার দর্শনা-কার্পাসডাঙ্গা সড়কে দ্রুতগতির ইজিবাইকের ধাক্কায় আব্দুস সামাদ (৬) নামের এক শিশু নিহত হয়েছে। নিহত শিশু আব্দুস সামাদ প্রতাপপুর গ্রামের আহাদ আলীর ছেলে। এ দুর্ঘটনাটি ঘটছে গতকাল শনিবার বেলা সাড়ে ১২টার দিকে।

প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে দর্শনা থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা জানান, এদিন দুপুরে সড়কের পাশে আব্দুস সামাদ খেলা করছিল। এ সময় সে সড়কের অপর পাশে যেতে গেলে কার্পাসডাঙ্গা থেকে ছেড়ে আসা যাত্রী বোঝায় ইজিবাইক চালক দ্রুতগতির ইজিবাইকটি দিয়ে তাকে ধাক্কা দিলে সে সড়কের ওপর ছিঁটকে পড়ে ঘটনাস্থলই নিহত হয়। পরে ইজিবাইকটি ও তার চালককে স্থানীয় লোকজনের সহায়তায় আটক করে দর্শনা থানায় নেওয়া হয়। তবে নিহত শিশু সামাদের পরিবারের পক্ষ থেকে এ দুর্ঘনার বিষয়ে কোন মামলা না করায় ইজিবাইকসহ চালককে ছেড়ে দেওয়া হবে বলে তিনি জানান।

গতকালই শিশু সামাদের লাশ স্থানীয় কবরস্থানে এশা বাদ বেদনা বিধুর পরিবেশে দাফন সম্পর্ন হয়েছে। তার অকাল মৃত্যতে ঐ এলাকার আকাশ বাতাস ভারী হয়ে উঠেছে।